দৈনিক ইত্তেফাক

তারিখ 14 APR 2008
পৃষ্ঠা ৪ কলাম ৬

# কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি ৬ষ্ঠ শ্রেণী থেকে চালুর দাবি শিক্ষক সমিতির

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

২০১০ সাল থেকে অনুষ্ঠিতব্য কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি বাতিলের দাবি জানিয়ে ষষ্ঠ শ্রেণী থেকে এ পদ্ধতি চালুর দাবি জানিয়েছেন অভিভাবক ফোরাম এবং বাংলাদেশ শিক্ষক সমিতি। রবিবার পৃথক পৃথক বিবৃতিতে সংগঠনের নেতৃবৃন্দ বলেন, যারা শ্রেণী কক্ষে শিক্ষা দান করবেন তাদের বিরোধিতার মুখে এ পদ্ধতি চালু করা হলে তা শিক্ষা ক্ষেত্রে চরম বিপর্যয় নেমে আসবে। তারা বলেন, এ পদ্ধতির সঙ্গে শিক্ষার্থী এবং অভিভাবকরা এখনো পরিচিত নয়। শিক্ষকরাও প্রশিক্ষণ পাননি। অথচ আগামি সপ্তাহেই বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নবম শ্রেণীতে প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ মুহূর্তে এ পদ্ধতি চালু করা ঠিক হবে না।

এদিকে আগামিকাল মঙ্গলবার রাজধানীর বিয়াম মিলনায়তনে কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি নিয়ে শিক্ষাবিদ, সাংবাদিকসহ সমাজের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। সভায় শিক্ষা উপদেষ্টাসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত থাকবেন। সভা থেকে সংগৃহীত মতামতের আলোকে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।